



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৮৮/উ:মা:পরি:/৭৯/১১৪৬

তারিখ : ১৩/১০/২০২২


বিষয় : ২০২২ সালের এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২২ সালের এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র আগামী ২২/১০/২০২২ তারিখ ও ২৩/১০/২০২২ তারিখে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা তাঁর প্রাধিকার প্রাপ্ত কোন শিক্ষককে (স্বাক্ষর সত্যায়িতসহ) কেন্দ্রের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশপত্র অফিস সময়ে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অন্য কাউকে প্রবেশপত্র নেয়ার জন্য ক্ষমতা প্রদান করা যাবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হলে, আবেদন পত্রে গভর্নিং বডির সভাপতি/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর থাকতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রবেশপত্র যাচাইপূর্বক কোন প্রকার ত্রুটি/কম/বেশি হলে ৩১/১০/২০২২ তারিখের মধ্যে উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর নিকট নিম্নের ছক অনুযায়ী আবেদন পত্র জমা দিয়ে সংশোধন করে নিতে হবে। অন্যথায় পরীক্ষায় কোন প্রকার জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণই দায়ী থাকবেন।

ক্রমিক নং	জেলা নাম	তারিখ ও সময়
০১	ঢাকা মহানগর ও ঢাকা জেলা, গাজীপুর, মুন্সিগঞ্জ নারায়ণগঞ্জ এবং মানিকগঞ্জ	২২-১০-২০২২, শনিবার সকাল ১১.০০ টা
০২	নরসিংদী, টাংগাইল, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, ও কিশোরগঞ্জ জেলা	২৩-১০-২০২২, রবিবার সকাল ১১.০০ টা

ক্রমিক নম্বর	পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	রেজি: নম্বর	ভুলের বিবরণ	যা হবে

বিষয়টি অতীব জরুরি।


২৩.১০.২২

প্রফেসর মোঃ আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৬৯৮১৫


২৩/১০/২২

প্রাপক:

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২২ সালের এইচএসসি পরীক্ষার সকল কেন্দ্র।